Bangladesh Association of International Recruiting Agencies
(BAIRA)

স্মারক নং: বায়রা/Takamol/৪২৮/২০২৫/৪৬০

তারিখ: ০৭ কার্তিক ১৪৩২
২৩ অক্টোবর ২০২৫

প্রাপক:
সম্মানিত সদস্য (সকল)
বায়রা।

বিষয়ঃ **বায়রা'র প্রশিক্ষণ কেন্দ্র BISTI-তে Takamol প্রশিক্ষণের জন্য প্রশিক্ষক/প্রতিনিধি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের পত্র নং- ৪৯.০০.০০০০.০৩৮.৯৯.০৬৯.২৫.১৪৮, তারিখ ১৯/১০/২০২৫

মহোদয়,

আস্সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ্ ওয়া বারাকাতুহু।

আপনার সদয় অবগতির জন্য উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সৌদি আরবে গমনেচ্ছু অভিবাসী কর্মীদের জন্য সৌদি আরব সরকার কর্তৃক গৃহীত Skills Verification Program (SVP)'র তালিকা অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ শেষে Takamol অ্যাসেসমেন্ট করা হয়। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় বায়রা'র প্রশিক্ষণ কেন্দ্র বায়রা ইন্টারন্যাশনাল স্কিলস ডেভেলপমেন্ট এন্ড ট্রেনিং ইনস্টিটিউট (BISTI), গাজীপুর সহ অন্যান্য মানসম্পন্ন ও অবকাঠামো সমন্বিত প্রশিক্ষণ কেন্দ্র সমহে Skills Verification Program (SVP)'র আওতায় Takamol প্রশিক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি দ্বারা সজ্জিতকরণস যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানিয়েছে (সংযুক্ত)।

২। সেমতে আগামী ২৬/১০/২০২৫ তারিখ হতে বায়রা'র প্রশিক্ষণ কেন্দ্র BISTI, গাজীপুর-এ SVP আওতায় Takamol অন্তর্ভূক্ত Loader ও Unloader-দের ৩(তিন) দিনব্যাপী পর্যায়ক্রমে প্রশিক্ষণের কার্যক্রম শুরু হচ্ছে। এ অবস্থায় আপনার এজেন্সী হতে সৌদি আরবে গমনেচ্ছু কর্মীদের নিজস্ব উদ্যোগে SVP তালিকাভূক্ত Loader ও Unloader বিষয়ে প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত আপনার এজেন্সীর একজন প্রশিক্ষক/প্রতিনিধির প্রশিক্ষণ গ্রহণ করা প্রয়োজন।

৩। এমতাবস্থায়, বায়রা'র প্রশিক্ষণ কেন্দ্র BISTI, গাজীপুর-এ SVP আওতায় Takamol অন্তর্ভূক্ত Loader ও Unloader-কর্মীদের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত আপনার প্রতিষ্ঠানের একজন প্রশিক্ষক/প্রতিনিধির নাম নিম্নোক্ত ছক অনুযায়ী ই-মেইলের (baira1984@gmail.com) মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক | নাম ও পদবী | এজেন্সীর নাম ও আর.এল. | মোবাইল নম্বর | ই-মেইল |
|---|---|---|---|---|
| | | | | |

বায়রা'র পক্ষে-

সংলগ্নী: ১ পাতা বর্ণনামতে।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব

অনুলিপি:

১। সিনিয়র সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), কাকরাইল, ঢাকা।
৩। জনাব মোঃ আশরাফ হোসেন, প্রশাসক, বায়রা ও অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব), বিএমইটি, কাকরাইল, ঢাকা।
৪। উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৫। Country Representative, IOM, Dhaka
৬। জনাব মাহফুজুর রহমান (মাহফুজ), ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ), BISTI ও অফিস সুপার, বায়রা, ঢাকা।
৭। Takamol Office, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), কাকরাইল, ঢাকা।
৮। নোটিশ বোর্ড (বায়রা, ডাটাবেজ ও BISTI)/ওয়েবসাইট (www.baira.org.bd)।

**BAIRA BHABAN:** 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

বায়রা সচিবালয়, ঢাকা
সম্মানিত প্রশাসক | সচিব
ম্যানেজার/এজিএম/এজিএম/এম/আইটিও/
রিসেপশনিষ্ট
ডকেট/ডায়েরী নং 1046
তারিখ ও সময় 19/10/25

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রশিক্ষণ-১ (কারিকুলাম) শাখা
www.probashi.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০৩৮.৯৯.০৬৯.২৫.১৪৮ তারিখ: ১৯ অক্টোবর, ২০২৫ খ্রি.

**বিষয়: সৌদি আরবে কর্মী প্রেরণের লক্ষ্যে Skill Verification Program (SVP) এর তালিকাভুক্ত ট্রেডসমূহে প্রশিক্ষণ চালু করার উদ্যোগ গ্রহণ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সৌদি আরব গমনেচ্ছু বাংলাদেশী কর্মীদের SVP'র তালিকা অনুযায়ী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ শেষে Takamol অ্যাসেসমেন্টে অংশগ্রহন করতে হয়। বর্তমানে মাসে প্রায় ৪৫,০০০ কর্মী Takamol Test-এ অংশগ্রহণ করলেও বিএমইটি'র নির্ধারিত টিটিসিসমূহে মাসে সর্বোচ্চ ১৬,০০০ জনকে প্রশিক্ষণ প্রদানের সুযোগ রয়েছে। ফলে বাস্তব কারনেই অনেক কর্মী SVP'র তালিকাভূক্ত ট্রেডসমূহের প্রশিক্ষণ ছাড়াই Takamol Test-এ অংশগ্রহণ করছেন এবং এর মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক কর্মী পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ হচ্ছেন। টিটিসি'র পাশাপাশি বায়রা'র মানসম্পন্ন প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে SVP'র তালিকাভুক্ত নির্ধারিত ট্রেডসমূহের প্রশিক্ষণ আয়োজন করা সম্ভব হলে এ সমস্যা কাটিয়ে উঠা সম্ভবপর হবে।

০২। এমতাবস্থায়, BAIRA International Skill Training Centre সহ অন্যান্য মানসম্পন্ন ও অবকাঠামো সমন্বিত প্রশিক্ষণ কেন্দ্রসমূহে SVP'র তালিকাভুক্ত ট্রেডে প্রশিক্ষণের উদ্দেশ্যে প্রয়োজনীয় যন্ত্রপাতি দ্বারা সজ্জিতকরনসহ যথাযথ উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯.১০.২৫
(সায়রা পারভীন)
উপসচিব
ফোন: ৪১০৩০২৫৭
ইমেইল: dstraining@probashi.gov.bd

প্রশাসক,
বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)
বায়রা ভবন, ১৩০, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।

**অনুলিপি: সদয় অবগতির জন্য**

০১। মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব (যুগ্মসচিব), প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৪। উপসচিব (প্রশিক্ষণ অধিশাখা), প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৫। যুগ্মসচিব (প্রশিক্ষণ অনুবিভাগ), এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৬। অফিস কপি।